



আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

31 AUGUST 2024

7:35 AM IST

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের গতকাল শেষ দিন প্রতি শুক্রবারের জুম্মার নামাজ বিরতি প্রথা বাতিল করার সিদ্ধান্ত হয়। এসম্পর্কে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে বিধানসভার উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ঔপনিবেশিক সময়ের অবশিষ্ট উপাদান দুঘন্টার সভা স্থগিতকরণের ব্যবস্থাটি বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এদিকে গতকাল বিধানসভায় রাজস্ব ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের মন্ত্রী যোগেন মোহন রাজ্যে ২০২০ সাল থেকে এপর্যন্ত প্রাকৃতিক দুর্যোগের ফলে মৃত লোকেদের পরিবারকে সরকারের পক্ষ থেকে ৪ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে বলে জানান। মন্ত্রী এক লিখিত প্রশ্নের উত্তরে জানান যে প্রাকৃতিক দুর্যোগের ফলে রাজ্যে ২০২০ সাল থেকে এপর্যন্ত মোট ৭৮৪ জন লোকের মৃত্যু হয়েছে। সেইসঙ্গে মন্ত্রী রাজ্যে বিগত সময়ে বন্যায় ক্ষয়ক্ষতির তথ্যও তুলে ধরেন।

রাজ্যের ধেমাজী জেলার পোবা সংরক্ষিত বনাঞ্চলকে শীঘ্রই বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে ঘোষণা করা হবে। রাজ্যের পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী গতকাল আসাম বিধানসভায় শূণ্যকালে বিধায়ক ভূবন পেগুর উত্থাপন করা এক প্রশ্নের উত্তরে একথা জানিয়েছেন। মন্ত্রী শ্রী পাটোয়ারী বলেন যে মুখ্যমন্ত্রী সর্বদা রাজ্যের প্রাকৃতিক সম্পদ ও জৈব বৈচিত্রের সংরক্ষণ তথা স্থায়ী বিকাশের ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার ওপর গুরুত্ব দিয়ে আসছেন। এক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে পরিগণিত হবে বলে শ্রী পাটোয়ারী উল্লেখ করেন। উল্লেখ্য আসামের উত্তর-পূর্ব অংশে থাকা পোবা সংরক্ষিত বনাঞ্চল হচ্ছে বন্য জীব জন্তুতে সমৃদ্ধ এবং জৈব বৈচিত্রে ভরপুর একটি বনাঞ্চল

। ব্রহ্মপুত্রের উত্তর পার থেকে দক্ষিণ পার পর্যন্ত হাতীর প্রব্রজনের এটি দ্বিতীয় প্রধান করিডোর ।

---

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের শেষ দিনের কার্যসূচী আজ সকাল ৯টায় আমাদের কেন্দ্র থেকে বাংলায় প্রচার করা হবে ।

---

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ আগামী পয়লা সেপ্টেম্বর থেকে ১০ই সেপ্টেম্বর পর্যন্ত হৃদয় ও রক্তজনিত জটিল রোগে আক্রান্ত শিশুর জন্য রাজ্যজুড়ে রোগ শনাক্তকরণ শিবির ও পরবর্তী পর্যায়ে চিকিৎসা সেবা প্রদান করবে । এই চিকিৎসা সেবা লিউকোমিয়া থেলাসেমিয়া ইত্যাদি জটিল রক্তজনিত রোগে আক্রান্ত হয়ে অস্থি মজ্জার চিকিৎসার প্রয়োজন থাকা শূণ্য থেকে ১৪ বছরের শিশুর জন্য উপলব্ধ হবে । এছাড়া জনগতভাবে হৃদরোগে আক্রান্ত ১৮ বছরের শিশুদেরও এই সেবা প্রদান করা হবে । প্রয়োজন অনুসারে শিশুদের নির্দিষ্ট চিকিৎসালয়ে পাঠানোরও ব্যবস্থা থাকবে । স্বাস্থ্য সেবার পরীক্ষা কেন্দ্র হিসেবে শিলচর ,গুয়াহাটী সহ রাজ্যের ১৩ টি মেডিকেল কলেজ ও হাসপাতালকে শনাক্ত করা হয়েছে ।

---

হাইলাকান্দি শহরে শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্যের বন্ধন অক্ষুণ্ণ রাখতে গতকাল সন্ধ্যায় হাইলাকান্দি শহরে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে রোড মার্চ বের করা হয় । এই রোড মার্চ শহরের পুলিশ রিজার্ভ থেকে বেরিয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিভ্রমণ করে । জেলার পুলিশ সুপার লীনা দোলের নেতৃত্বে পুলিশের এক বিশাল বাহিনী এতে অংশ গ্রহণ করেন । শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ সবসময় জনসাধারণের পাশে রয়েছে, এই বার্তা পৌঁছে দিতে রোড মার্চটির আয়োজন করা হয়েছে । এতে জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইনহলু খেনতে সহ অন্যান্য ম্যাজিস্ট্রেটরাও অংশগ্রহণ করেন । উল্লেখ্য- বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে জনসাধারণের মনে আস্থার ভাব বজায় রাখার উদ্দেশ্যে এই রোড মার্চের আয়োজন করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার শিক্ষা প্রতিষ্ঠান গুলোয় আগামী ২রা সেপ্টেম্বর থেকে বায়োমেট্রিক আধার আপডেট শিবিরের আয়োজন করা হবে। বইজ্ঞপ্তিতে আরও জানানো হয়েচভহে যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামী ২৩ নভেম্বর পর্যন্ত পর্যায়ক্রমে আধার আপডেট শিবির আয়োজন করা হবে।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় রয়েল ইউনাইটেড খেলবে রয়েল এসোসিয়েশনের বিরুদ্ধে। খেলা শুরু হবে বিকেল সাড়ে তিনটায়।

জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় বোয়ালিপার ফার্মাস ক্লাব ২-০ গোলে খাহরাউট জি এস এ ক্লাবকে পরাজিত করে। বোয়ালিপার ফার্মাস ক্লাবের হয়ে দুটো গোলই করেন এস মনিচন্দ্র সিনহা।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের চতুর্থ কোয়ার্টার ফাইনালে ভাগার এ আর দল খেলবে নাজিয়া এন্টারপ্রাইজ দলের বিরুদ্ধে।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় গতকালের তৃতীয় কোয়ার্টার ফাইনাল খেলায় ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স ট্রাইবেকারে ২-১ গোলের ব্যবধানে ব্রাইট স্টার ক্লাবকে পরাজিত করে। খেলার শেষে খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেন সাংসদ পরিমল শুক্লবৈদ্য।

---

পালংঘাট মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনালে আগামী সোমবার ডেফলিপার এফ সি দল খেলবে কালাখাল নাইন ফ্রেন্ডস এফ সি-দলের বিরুদ্ধে।

স্থানীয় চৈতন্য চরন জগৎ চরন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের প্রথম সেমি-ফাইনাল খেলায় ভাগা রাজঘাট এফ সি ২-০ গোলে আমড়াঘাটের ইলেভেন ব্রাদার্স এফ সি-কে পরাজিত করে।

---

শিলচর চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামিকাল শিলচর দাসপাড়া কলোনীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির আয়োজন করা হবে, শিবিরটি বেলা ১০ তা থেকে শুরু হবে।

---

---